# 2020 ঐকতান

# AIKATAN

# Aikatan Magazine 2020-21

**Editorial Team**
- Ananda Dasgupta,
- Debasish Roy,
- Somanka Banerjee,
- Udayan Banerjee

**Cover Design**
- Prathama Patra
- Dipak Dutta

**Photos**
- Aikatan Members

## About Aikatan


- Down the Memory Lane
- In Loving Memory of Sri Yogesh Chandra Gupta
- Message from President
- From the Secretary's Desk / সম্পাদকের প্রতিবেদন
- Award for Aikatan Durga Puja
- Photos of Events
  - Durga Puja
  - Saraswati Puja
- Cultural Programs
  - Mahalaya Week
  - Durga Puja Fortnight
  - Saraswati Puja
- Events & Competition
  - Quiz
  - Drawing Competition for Children
  - Anandamela


## Drawing


- *Prathama Patra*
- *Aatrayee Aich*
- *Araddhya Banerjee*
- *Sudip Das*


## Photo Album


- *Rajiv Kumar*


## Articles


- বাংলায় গোয়েন্দা–কাহিনি ........................... *আনন্দ দাশগুপ্ত*
- বেঙ্গালুরুতে বাংলা নাটক – কয়েক দশক আগে ................ *ডক্টর জয় মুখোপাধ্যায়*
- ওগো বধূ সুন্দরী ........................................ *সুদীপ দাস*
- Lockdown Diaries – Travelling down the memory lane ............................ *Subham Sarkar*
- The Mistaken Identity ................................ *Sudip Das*

# Down the Memory Lane










# In Loving Memory of Sri Yogesh Chandra Gupta

It is very difficult to believe this news which is not only very shocking but very unexpected. We all will miss him very much in the coming days. During every occasions we used to not only feel but also get his presence with ever smiling face greeting us all with folded hands.

Gupta ji's contribution towards the club cannot be described in just few lines. His presence always made a lot of difference be it in a meeting or be it any get together of our Club.

On behalf of AIKATAN we offer our heart-felt condolence to Nilima Di and family and pray to God to provide them strength to come out of this shock and trauma.

# MESSAGE FROM PRESIDENT …

*Goutam Sarkar*

According to the 2003 Convention for the Safeguarding of the Intangible Cultural Heritage, the intangible cultural heritage (ICH) – or living heritage – is the mainspring of our cultural diversity and its maintenance a guarantee for continuing creativity. It is defined as follows:

Intangible Cultural Heritage means the practices, representations, expressions, knowledge, skills – as well as the instruments, objects, artefacts, and cultural spaces associated therewith – that communities, groups and, in some cases, individuals recognize as part of their cultural heritage. This intangible cultural heritage, transmitted from generation to generation, is constantly recreated by communities and groups in response to their environment, their interaction with nature and their history, and provides them with a sense of identity and continuity, thus promoting respect for cultural diversity and human creativity. For the purposes of this Convention, consideration will be given solely to such intangible cultural heritage as is compatible with existing international human rights instruments, as well as with the requirements of mutual respect among communities, groups, and individuals, and of sustainable development.

**President**

AIKATAN - Bangalore

# সম্পাদকের প্রতিবেদন ......

*ভাস্কর চক্রবর্তী*

একটি বছরের হলো অবসান। ২০২০ আমাদের সকলের জীবনে সুচনা করল এক নতুন অধ্যায়। পাল্টে গেলো আমাদের দৈনন্দিন জীবনের আচরন বীধি। মানুষের থেকে মানুষ কে সরিয়ে নিয়ে গেল বেশ দূরে – নতূন এক শব্দের সৃষ্টি হলো – সোশাল ডিস্টান্সিং। হ্যাঁ আমাদের সকলকে থাকতে হয়েছিল গৃহবন্দি হয়ে মাসের পর মাস। কিন্তু মন ও হৃদয়ের থেকে দূরে চলে যেতে পেরেছিলাম কি কেউ কারুর কাছ থেকে ? না সেটা যে সম্ভব নয়, তার প্রধান কারণ আমরা সকলেই যে সকলের সাথে এক সুত্রে গাঁথা একটি মালা যার নাম **ঐকতান**।

পথ চলায় আত্মবিশ্বাস ই আমাদের পাথেয়, সেটাকে মাথায় রেখেই খুব ই সন্তর্পনে আমাদের পা ফেলতে হয়েছিল। পরিকল্পনা অনুযায়ী যে যে কর্মসুচি প্রতি বছর আমরা নিয়ে থাকি, পরিস্থিতির চাপে এবার সে সব থেকে বিরত থাকতে হয়েছিল আমাদের। এক সাথে জমায়েত হওয়া, যটি আমাদের সংস্থার সব থেকে বড় আকর্ষন যখন বন্ধ, তখন সাহায্য নিতে হয়েছে প্রজুক্তি কে। এর মাধ্যমে আমরা চেষ্টা করেছি সকলের কাছে পৌঁছতে।

আমাদের সব থেকে বড় উৎসব – দূর্গা পূজো - হবে কি হবে না – এত বাধা বিপত্তির মধ্যে – কোথায় করা যাবে, কি ভাবে করা যাবে, কার কাছ থেকে অনুমতি নিতে হবে, অনুমতি পাওয়া যাবে কি না - এই নিয়ে চলছে আলোচনা আমাদের সদস্যদের সাথে – **অনলাইন মিটিঙের** মধ্যে দিয়ে। অবশেষে

আমাদেরই এক সদস্য শ্রী সুব্রত সাহা ও শর্মীলা সাহা এগিয়ে আসেন এবং তাঁদের বাড়ির কিছুটা অংশ ছেড়ে দেন পুজোর জন্য।

অভিভূত হয়ে যাই আমরা সকলে এবং তাঁদের জানাই আমাদের সংস্থার পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ। ধীরে ধীরে কাজ এগিয়ে চলে ও সুষ্ট ভাবে আয়োজন করতে পারি আমরা এই উৎসব। বিধি নিষেধ কে মাথায় রেখে আমাদের মানতে হয়েছিল অনেক নিয়ম এবং আমাদের সদস্যদের অক্লান্ত পরিশ্রম ও সহযোগিতায় এটি সম্পন্য করতে আমরা সক্ষম হয়েছিলাম । পরিকল্পিত অন্যান্য কর্মসুচি – পিকনিক, লক্ষী পূজো, কালী পূজো ও স্পোর্টস ডে আমাদের বাতিল করতে হয়। গত কয়েক মাস থেকে অবস্থার কিছু পরিবর্তন হওয়াতে আমরা সিদ্ধান্ত নিয়েছি সরস্বতী পূজা আয়জন করার যেটি অনুষ্ঠিত হবে আগামী ১৩ই ও ১৪ই ফেব্রুয়ারি। আমরা আশা রাখি আমাদের প্রিয় সকল সদস্যদের সাথে আবার দেখা হবে আবার বেজে উঠবে আমাদের চেনা গানের সুর – আমরা সকলে এক সাথে আছি এবং থাকব।

আসুন আমরা একসাথে একগিয়ে চলি সামনের দিকে এই আশা নিয়ে যে নতূন বছরে আমাদের সকলের জীবনে মুছে দেবে বিষাদের গ্লানি এবং আনবে এক আনন্দের ঝর্না।

ধন্যবাদ

# From Secretary's Desk ….

A year comes to an end …. Oh…what a year it was 2020 – we never dreamt about it. All sorts of restriction all around, keeping each one of us confined to indoors with a new word getting coined up – social distancing. Can't help not only us it's the entire world struggling to get through the devastating virus. The communications with all our members were all through phones, WhatsApp and mails.

We had to restrict the activities of our Club for all the restrictions which were imposed by Government of India and the State Government. We were all putting our heads together to find out a way out and started exploring all possibilities to see whether we can conduct the Durga Puja which is one of the biggest and loveliest festival for all of us. As no Community Halls were allowed to rent out their premises for conducting any get together, one of our Club members Mr. Subrata Saha and Mrs. Sharmila Saha offered substantial space of their house for conducting the Puja. On behalf of Aikatan we sincerely thank them from the core of our heart for their gesture for the same. We planned the enrty of the members to the venue for getting the glimpse of the Ma Durga and with the sincere co-operation from all the members we could ensure that all the members and their families could get the chance to get into the venue. We utilized the Technology and were successful to transmit the Puja rituals and Pushpanjali online to all members. Due to the restrictions imposed we had to call off the other planned events of the year– Picnic, Lakshmi Puja, Kali Puja & Sports Day. As the situation have improved over couple of months now we have decided to conduct Sarsawati Puja on 13$^{th}$ & 14$^{th}$ February and we hope to see all the members there.

Let us all hope that 2021 brings new light of hope in the coming days and we all move forward together.

Thanks

**Bhaskar Chakrabarty (General Secretary)**

# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020

# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020



# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020

# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020

# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020



# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020

# Durga Pujo

## 22nd to 26th  Oct, 2020

# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020

# Durga Pujo

## 22nd to 26th Oct, 2020

Aikatan wins the **2nd Prize** for the "**Best Protima**" from Bongio Samaj – Bengaluru

Thanks to Alok Mondal and Moni Pal for the kind of ambience they created within the small space.

শারদ সম্মান 2020
CERTIFICATE
Of Achievement
Bongio Samaj
Bengaluru
2nd
Rank
Best Pratima
AIKAIAN
AIKATAN
Estd. 1983
28 October 2020
Sourav Mukherjee
National President

Bongio Samaj
Bengaluru
শারদ সম্মান 2020
Pujo Rituals
Best Pratima
Cultural Function (Online)
Live Streaming Management
Safest Puja Mandap
Eco Friendly Pujo
1st Rank
2nd Rank
3rd Rank
SANSKRITIK
BDPC
AROHAN
SCA
BENGALEE ASSOCIATION BANGALORE
AIKATAN Estd. 1983
RTNSDS
WHITEFIELD CULTURAL ASSOCIATION
WCA
Estd - 2003
Orchid Lake View Durga Puja Committee
KARBA
Kanakpura Road Bengali Association
OIKOTAN HEBBAL BENGALI CULTURAL SOCIETY
ESTD 2013
BARSHA
JBCA
abhinandan
a new beginning...

# Saraswati Pujo

## 13th & 14th Oct, 2021

# Saraswati Pujo

## 13th & 14th Oct, 2021

# Saraswati Pujo

## 13th & 14th Oct, 2021

# Saraswati Pujo

## 13th & 14th Oct, 2021



# Mahalaya Week

## 28th Sep to 4th Oct, 2020

**Instrumental**
- Kakoli Chatterjee
- Samik Kumar

**Recitation**
- Ananda Dasgupta
- Joy Mukhopadhyay

**Mahishasura Mardini**
- Ruma Banerjee & Bhaskar Chakraborty

**Song**
- Deepali Mukhopadhyay & Pratul Mukhopadhyay
- Abhijit Chatterjee
- Pratul Mukhopadhyay

**Dance**
- Aradhya Das
- Kangkana & Anchal
- Anurita Banerjee



# Durga Puja Cultural
## 19th to 26th Oct 2020

## #Aikatantributeseries

# Durga Puja Cultural
## 19th to 26th Oct 2020

# #Aikatantributeseries

SACH MERE YAAR HAI by Somanka Banerjee
DARD-E-DIL by Somanka Banerjee
JAAN NISAAR by Somanka Banerjee

YE MAUSAM KA JADU by Anurita Banerjee & Somanka Banerjee
DIDI TERA DEWAR DEEWANA by Anurita Banerjee & Somanka Banerjee

KAHIN NA JAA by Supayan Dasgupta & Anurita Banerjee

JEEVAN KE DIN by Supayan Dasgupta
PEHLI BAAR MILE HAIN by Supayan Dasgupta
JAB TAK by Supayan Dasgupta

YE HASEEN WADIYA by Supayan Dasgupta & Madhumita Ghosh Dastidar

SHIQWA KOI TUMSE by Madhumita Ghosh Dastidar

MERE SANG by Anushree Ghosh Dastidar
QAFIRANA by Anushree Ghosh Dastidar




MAIN SHAYAR TOH NAHIN by Gautam Mridha
MERE RANG MEIN by Gautam Mridha

TU AATA HAI SEENE ME by Anwesha Ghosh Dastidar

PHIR KABHI by Nilanjan Mukherjee

NAMO NAMO by Simantini Bhattacharya

# Durga Puja Cultural

## 19th to 26th Oct 2020

# Shob Porichito

Dhitang Dhitang Bole by Abhijit Chatterjee

Borne Gondhe Chonde Gitite,
Jodi Kagoje Lekho Naam
and
Pagol Hawa by
Anirudhha Ganguly

Akashe Batashe Aji
Anondo Jage by Deepali
Mukhopadhyay

Mayabono Biharini Horini by
Joy Mukhopadhyay & Pratul
Mukhopadhyay

O Maa Danujdalani
Mahashakti by Susmita Dutta

## Song

Akash Bhora Surjo Tara
by Udayan Banerjee

Nandalal by
Bhaskar Bose

## Recitation

Ke Prothom Kache Esechi,

## Instrumental

Modhuro Dhoni Baje
and
Amar Ei Path Chaoatei Anondo
by Kakoli Chatterjee

Bekarar Karke Hamein,
Sayonara Sayonara and
Om Jai Jagdish Hare by Sutapa Das

Piyu Bole Piya Bole by Sutapa Das

## Dance

# Durga Puja Cultural

## 19th to 26th Oct 2020

# Durga Bondona

Bajlo Tomar Alor Benu by Anchal Sharma

Jago Tumi Jago by Ashmit Dutta

Dugga Elo by Ashiyana Sil Paul

Dhak Baja Kashor Baja by Sampoorna Saha

Aayre Chhute Aai and

Joy Joy Durga Maa by Tanirika Mandal

Ya Devi Sarva Bhuteshu Shakti Rupena Samsthita by Veetali Ghosh

O Maa Dugga MaGo by Abira Chakravarty & Prachi Chakravarty

Dhak Baja Kashor Baja by Kangkana Banerjee

Special Tribute To Ma Durga by Maithily Sarkar

# Durga Puja Cultural
## 19th to 26th Oct 2020

# Recitation

Amra Bharotbashi by Ishani Hazra

Bhagavat Gita - Bhakti Yoga by Tanirika Mandal

Kalboishakhi by Supratik Hazra

Nari
by Seema Banerjee, Susmita Gupta Sam & Udita Banerjee

# Durga Puja Cultural

## 19th to 26th Oct 2020

# Bhindeshi Taroka

Tumi Robe Nirobe
by Aditi Saha

Zariya by Anushreya
Mahapatra

Tomar Pujar Chale
by Bani Mukherjee

Coffee Houser Sei Addata Aaj Aar Nei by
Debanjan Mukherjee & Sharanya Prasad

# Songs

Mor Bhabonare Ki Haway
Matalo,

Akash Jure Shuninu Oi Baje
and

Sokatore Oi Kadiche
by Chirantani Ash

BulBul Pakhi Moyna Tiye
by Tanirika Mandal

# Durga Puja Cultural
## 19th to 26th Oct 2020

# Dance

Mere Dholna
and
Mohe Rang Do Laal
by Ashiyana Sil Paul

Genie In A Bottle
by Ayushi Naskar

Krishnashtakam
by Ishani Hazra

Tones and I - Dance
Monkey by Aaradhya Das

Barso Re by Anindita Mukherjee

# Instrumental

Mere Sapno Ki Rani
by Samik Behera

# Phagun Haway Haway New Season New Hopes

## 14th February - 2021

2020 was a forgettable year to say the least. Who knew that a tiny micro nanometre organism can turn the whole world upside down! One thing that the pandemic has taught is to "live each day to the fullest". After being cooped up in the house for so long, we have almost forgotten to enjoy the beauty of nature all around us. Nature teaches us to rebound from any situation, no matter how bad it is. 2021 and impending arrival of spring has brought us new hopes.

Drawing inspiration from nature, we present this program "Phagun Haway Haway, New Season New hopes". This program embodies all our hopes for a normal and bright tomorrow through colourful and graceful dances by children on a collection of songs describing the beauty of spring.

# Phagun Haway Haway
# New Season New Hopes

Veetali Ghosh

Aaradhya Das

Tanirika Mandal

Aadish Mondal

Reyansh Mridha Thakur

Ishani Hazra

## Concept & Direction

Sharmila Saha

## Narration

Madhumita Banerjee

# Tribute to Legendary actor
# Soumitra Chattopadhyay
# $14^{th}$ February - 2021

# “অনন্য’ সৌমিত্র স্মরণ”

Bhaskar Chakrabarty

Concept and Script

Bhaskar Bose

Narration



Shyamali Chakroborti

Video

Gautam Mridha

Aniruddha Ganguly

Ruma Banerjee

Madhumita Ghosh Dastidar

## Singers



Deepali Mukhopadhyay

Joy Mukhopadhyay



Pratul Mukhopadhyay

# Tribute to Legendary actor Soumitra Chattopadhyay

# “অনন্য’ সৌমিত্র স্মরণ”

# Message from Soumitra Chatterjee



সৌমিত্র
চট্টোপাধ্যায়

কলালোক-এর একত্রিশ বর্ষপূর্তি এবং এবারেও শারদীয়া দুর্গাপূজার আয়োজনের সংবাদ জেনে আনন্দিত হলাম।

দুর্গাপূজা যতটা না ধর্মীয় — আনুষ্ঠানিক তার চেয়ে বেশি বাঙালির কাছে এ হল এক সর্বসাধারণের ও জাতীয় উৎসব। এ সময়ে জাতি হিসাবে বাঙালির যে প্রাণের সাড়া লক্ষিত হয় তার তুলনা সারা পৃথিবীতেই বিরল।

কলালোকের এই উদ্যোগ আপনাদের সফল হোক। সুস্থিত সকল মানুষের জীবনে উৎসবের আনন্দ ভরে উঠুক এই কামনা করি।

সেই সঙ্গে প্রার্থনা করব যারা এই উৎসবের দিনেও আনন্দলোকের বাইরে থাকছেন এখানে তাঁদের কথা মনে রাখবেন — তাঁদের সুখচিন্তার কোনো কিছু ভাগাভাগি নেবেন।

শুভেচ্ছান্তে —

সৌমিত্র চট্টোপাধ্যায়

১৯/৯/২০১২

From Our Archive

BBC NEWS

## Soumitra Chatterjee: India acting legend dies, aged 85

Courrier picard

## India mourns legendary actor Soumitra Chatterjee

# Quiz Final - 2020

On 25th October, 2020 - 4:00 to 6:00 pm

| Team | Position |
|---|---|
| **Team Auto**<br>• Anushree Ghosh Dastidar<br>• Maithili Sarkar<br>• Lepakshi Sarkar | WINNER |
| **Citius, Altius, Fortius**<br>• Mainak Mandal<br>• Malay Mandal<br>• Bratin Maiti | 2 |
| **Dragon Warriors**<br>• Anindita Majumdar<br>• Aditya Majumdar<br>• Arka Majumdar | 3 |
| **Pratidwandi**<br>• Bhaskar Bose<br>• Somanka Banerjee<br>• Supayan Dasgupta | 4 |



# Drawing Competition
## 15th Nov, 2020

## Group A - 1st standard and below

**Topics:** My favourite animal or
A day on the beach

**Ashiyana Sil Paul** — 1st — **First Prize**




Reyansh Mridha Thakur

Aayushi Naskar

# Drawing Competition

## 15th Nov, 2020

**Group B - 2nd standard to 6th standard**

**Topics:** What I want to be when I grow up, or Modern-day battle between Lord Ram and Ravan

1st

**Veetali Ghosh**

**First Prize**

Aatrayee Aich



Saanvi Mukherjee

# Drawing Competition

## 15th Nov, 2020

## Group B - 2nd standard to 6th standard



Sharanya Dey

Second Prize

2nd




Consolation Prize

Arnab Mandal

# Drawing Competition

## 15th Nov, 2020

## Group B - 2nd standard to 6th standard

Tanirika Mandal

3rd

Third Prize

Soumil Mitra

Sampoorna Saha

Advik Chakraborty

Arundhati Acharjee

# Drawing Competition
# 15th Nov, 2020

## Group C - 7th to 12th standard

**Topics:** Write a story in the form of a comic strip, or Corona-saurus : A creature that can destroy Corona-virus

1st

**Anusha Mandal**

**First Prize**

# Drawing Competition
# 15th Nov, 2020

## Group C - 7th to 12th standard




**Prathama Patra** 2nd **Second Prize**



Arka Majumder

Diya Banerjee

# Anandamela

## 13th February - 2021

# Anandamela

## 13th February - 2021

# Anandamela

## 13th February - 2021

# Anandamela

## 13th February - 2021

**Prathama Patra**




# Prathama Patra

Aatrayee Aich

Araddhya Banerjee

**Sudip Das**

White browed wagtail

Brown rock chat

**Rajiv Kumar**

Black Drongo

Jungle Babbler

**Rajiv Kumar**

Black kite

Green bee eater

**Rajiv Kumar**

Indian Robin

Macro of a carpenter bee

**Rajiv Kumar**



Spot billed pelican

Checkered keelback snake

**Rajiv Kumar**



Great cormorant




Macro of a migratory grasshopper

**Rajiv Kumar**

# বাংলায় গোয়েন্দা-কাহিনি

~ আনন্দ দাশগুপ্ত

বাংলায় গোয়েন্দা-কাহিনির মূল প্রেরণা এসেছে বিদেশি গল্পের হাত ধরে।প্রথমেই উল্লেখ্য, এডগার অ্যালেন পো-র (১৮০৯-১৮৪৯) কথা। তার রচিত Murders in the rue morgueফিলাডেলফিয়া থেকে গ্রাহামস ম্যাগাজিনে প্রকাশিত হয় ১৮৪১-এর এপ্রিল মাসে এবং এটাকে পৃথিবীর প্রথম গোয়েন্দা-কাহিনি বলে ধরা হয়। ডিটেকটিভের নাম ছিল মঁসিয়ে দুপ্যাঁ (Dupin)। মজার কথা, এর একবছর পরেই ১৮৪২ সালে ইংল্যান্ডে পুলিশের গোয়েন্দা বিভাগ বিখ্যাত স্কটল্যান্ড ইয়ার্ড খোলা হয়। চার্লস ডিকেন্সের Bleak house-এর রেশ ধরে উইলকি কলিন্স রচনা করেন The woman in white (১৮৫৯) ও The moonstone (১৮৬৮)। এরপরে এসেছেন আর্থার কোনান ডয়েল ডিটেকটিভ শার্লক হোমস ও সহকারী ডাঃ ওয়াটসনকে নিয়ে। তার লেখা গল্পগুলি The adventures of Sherlock Holmes (১৮৯২) ও The memoirs of Sherlock Holmes ১৮৯৪ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল।

এ প্রসঙ্গে ইতি টানার আগে আগাথা ক্রিস্টির (১৮৯০-১৯৭৬) নাম তো উল্লেখ করতেই হয়।ইংল্যান্ডের মহিলা গোয়েন্দা-কাহিনির এই লেখিকাকে অন্যতম শ্রেষ্ঠ কাহিনিকার হিসাবে গণ্য করা হয়। আগাথা মিলার বিয়ের পরে হয়েছিলেন আগাথা ক্রিস্টি। তার সৃষ্ট ডিটেকটিভের নাম এরকুল পোয়ারো (Poirot)। মোট ৬৭টি গোয়েন্দা-কাহিনি রচনা করেছেন তিনি। প্রথমটির নাম ছিল The mysterious affairs at styles (১৯২০)। কয়েকটি উল্লেখযোগ্য রচনা – The murder on the links (১৯২৩), The mystery of the blue train (১৯২৮), Murder on the orient express (১৯৩৪) প্রভৃতি। সবশেষে উল্লেখ করা যায় অনেক আগে (১৮৪৪) প্রকাশিত ডব্লিউ রেনল্ডস রচিত Mysteries of the court of London বইটির কথা। একসময় অভূতপূর্ব জনপ্রিয়তা লাভ করেছিল বইটি। এটি পরে ‘লন্ডন রহস্য’ নামে কয়েক খন্ডে বাংলায় অনূদিত হয়েছে।

বাংলা ভাষায় লেখা গোয়েন্দা-কাহিনির কথা বলতে গিয়ে বিদেশের অনেক লেখার কথা আলোচনায় আসবেই।কারণ, এসব লেখার দ্বারাই প্রাণিত হয়ে বাংলায় গোয়েন্দা গল্প লেখা শুরু হয়। সকলেই যে হুবহু অনুকরণ করেছেন তা নয়, তবে মূল প্রেরণা যদি বিদেশি গল্প থেকে না আসত তবে রবীন্দ্রনাথ হয়তো সত্যেন্দ্রনাথের লাইব্রেরি থেকে এডগার অ্যালেন পো বা অন্যান্য কাহিনি পড়তেন না। ফলে আমরা হয়তো সম্পত্তি সমর্পণ, ক্ষুধিত পাষাণ, কঙ্কাল, নিশীথে প্রভৃতি রহস্য গল্পের স্বাদ পেতাম না।

এটা এখন সকলেরই জানা যে বর্গীদের মতোই একসময়ে দেশে ঠগিদের অত্যাচার অসহনীয় রূপ নিয়েছিল।ইংরেজ প্রশাসনকে নাস্তানাবুদ হতে হয়েছে এদের দমন করতে। এই উদ্দেশ্যেই কমিশনার নিযুক্ত হয়েছিলেন উইলিয়াম হেনরি শ্লীম্যান (Shleeman) (১৭৮৮-১৮৫৬)। তাঁরই অধীনে দারোগা ছিলেন বরকতউল্লা নামে একজন বুদ্ধিমান বাঙালি যুবক। পরে ধূর্ততার জন্য লোকমুখে তাঁর নাম হয় বাঁকাউল্লা, যাঁর চাতুর্যের ও দক্ষতার কিছু কাহিনি ইংরাজিতে রচিত হয়েছিল। লেখকের নাম জানা না থাকলেও 'বাঁকাউল্লার দপ্তর' নাম দিয়ে ১২টি অধ্যায়ে বইটি বাংলায় প্রকাশিত হয়। 'বাঁকাউল্লা দপ্তর'-এর হাত ধরেই নারীরা গোয়েন্দা-কাহিনিতে স্থান পেতে শুরু করে। এরকমই অপর একটি বই ছিল 'সেকালের দারোগার কাহিনি' – লেখক গিরীশচন্দ্র বসু।

ডাকাতি দমনের যে চেষ্টা ইংরেজ শাসকরা করেছিল সে আমলেরই এক দারোগা ছিলেন তিনি। তাঁর বিচিত্র অভিজ্ঞতার কথা তিনি আত্মজীবনীর ভঙ্গিতে বর্ণনা করেছেন ১৮৮৮ সালে প্রকাশিত বইটিতে। এটি সে অর্থে গোয়েন্দা-কাহিনি না হলেও সূচনা হিসাবে ধরা যেতে পারে নিশ্চয়ই। গিরীশচন্দ্র দারোগার চাকরিতে নিযুক্ত ছিলেন ১৮৫৩ থেকে ১৮৬০ পর্যন্ত। কাহিনিটি প্রথম ধারাবাহিকভাবে প্রকাশিত হয়'নবজীবন' নামক মাসিক পত্রে ১২৯৩-এর শ্রাবণ সংখ্যা থেকে।আবার, প্রিয়নাথ মুখোপাধ্যায় পুলিশের গোয়েন্দা বিভাগে কাজ করেছিলেন তেত্রিশ বছর। দীর্ঘ অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন তিনি। 'আদরিণী' (১৮৮৭), 'ডিটেকটিভ পুলিস'-১ম খন্ড (১৮৮৭), 'বনমালী দাসের হত্যা' (১৮৯১) প্রভৃতি পুস্তক রচনা করলেও তিনি খ্যাতি অর্জন করেছিলেন কিন্তু 'দারোগার দপ্তর' লিখে।

‘দারোগার দপ্তর’-এর প্রথম সংখ্যা বেরিয়েছিল ১৮৯৩ সালে এবং এরপর ধারাবাহিকভাবে পুস্তকগুলি প্রকাশ পেতে থাকে। প্রতিটির পৃষ্ঠা সংখ্যা ছিল ৪০ - ৪৮। পুস্তিকাগুলির বিভিন্ন সংখ্যা ভিন্ন ভিন্ন নামে প্রকাশিত হত। কয়েকটি সংখ্যার নাম - ২২নং সংখ্যা ‘বিষম সমস্যা’,২৩নং সংখ্যা ‘বলিহারি বুদ্ধি’, ৭৪নং সংখ্যা ‘ঘর-পোড়া লোক’ (অর্থাৎ পুলিসের অসৎ বুদ্ধির চরম দৃষ্টান্ত) ইত্যাদি।‘দারোগার দপ্তর’ পাঠক মহলে যথেষ্ট সাড়া ফেলেছিল। লক্ষ করা যেতে পারে, কোনান ডয়েলের প্রথম ডিটেকটিভ কাহিনি ‘এ স্টাডি ইন স্কারলেট’ প্রকাশিত হয় ১৮৮৭ সালে এবং সে-বছরেই প্রিয়নাথের ‘ডিটেকটিভ পুলিশ’ অসাধারণ জনপ্রিয়তা লাভ করেছিল। বইটি সম্বন্ধে ১৮৮৮ সালের ২৫শে জানুয়ারির Indian Mirror-এ একটি প্রশংসাসূচক প্রতিবেদন প্রকাশ পায়।

জর্জ ডবল্যু. এম. রেনল্ডসের Joseph Wilmot অবলম্বনে ভুবনচন্দ্র মুখোপাধ্যায় ‘এই এক নূতন! আমার গুপ্তকথা’ (১৮৭০-৭৩) রচনা করার পর ছয় বছর ধরে (১৮৭৩-৭৯) প্রকাশ করেন ‘আমার গুপ্তকথা-আশ্চর্য্য!’ ১৯০৪ সালে বেরিয়েছিল ‘আর এক নতুন! হরিদাসের গুপ্তকথা’। হয়তো নামের জন্যই এই ‘গুপ্তকথা’ নামাঙ্কিত বইগুলি লিখেই ভুবনচন্দ্র বিখ্যাত হয়েছিলেন। তাঁর এধরনের আরও কয়েকটি বই ‘বঙ্কিমবাবুর গুপ্তকথা’, ‘বিলাতী গুপ্তকথা’, ‘সংসার শর্বরী বা ভবকারাগারের গুপ্তকথা’ ইত্যাদি।

এরপর উল্লেখ্য নাম প্রেসিডেন্সি কলেজের ইংরেজির অধ্যাপক প্যারীমোহন সরকারের পুত্র শরচ্চন্দ্র দেব(সরকার)। তাঁর সাহিত্য রচনার অন্যতম প্রেরণাদাতা ছিলেন পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি। ‘দারোগার দপ্তর’-এর ধাঁচেই তিনি শুরু করলেন সংকলিত ‘গোয়েন্দা কাহিনি’। এগুলির বিক্রির বহর দেখে বোঝা যায় ক্রাইম কাহিনি কীভাবে পাঠককুলকে সম্মোহিত করেছিল। এর প্রতিটি খন্ড সপ্তাহে দু’দিন করে ফর্মা ধরে বিক্রি হত। একটি বিজ্ঞাপনে বলা হয়েছে – ‘গোয়েন্দা কাহিনি এ পর্য্যন্ত প্রায় পাঁচ লক্ষ ফর্ম্মা বিক্রীত হইয়াছে।’ সব সংখ্যাই বিক্রি হত ‘শ্রীশরচ্চন্দ্র সরকার সংকলিত’ নাম দিয়ে, যদিও লেখক কিন্তু একা শরচ্চন্দ্র ছিলেন না; মণীন্দ্রনাথ বসু, ধীরেন্দ্রনাথ পাল, পাঁচকড়ি দে প্রমুখ হাত লাগিয়েছেন এসব লেখায়।

এগুলি ছাপা হত ৪৯নং ফিয়ার্স লেনের মোহন প্রেসে। এরকম কয়েকটি বইয়ের নাম – 'রঘু ডাকাত' (দু'খন্ড), 'খুন না হত্যা' (তিন খন্ড), 'ভীষণ নরহত্যা', 'ভীষণ নারীহত্যা', 'ডবল খুন'ইত্যাদি। এর মধ্যে সবচেয়ে জনপ্রিয় হয়েছিল 'রঘু ডাকাত'। সম্ভবত এই সময় থেকেই বিদগ্ধজন ও 'সাহিত্যের লোকেরা' এই লেখাগুলি পড়ে উপভোগ করতেন। একেকটি সংখ্যা উৎসর্গ করা হয়েছিল একেকজন গণ্যমান্য ব্যক্তির নামে। এদের মধ্যে ছিলেন – মহেন্দ্রনাথ বিদ্যানিধি, রাজানারায়ণ বসু, হরপ্রসাদ শাস্ত্রী, বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, গুরুদাস বন্দ্যোপাধ্যায় প্রভৃতি।

একটু খাপছাড়াভাবে হলেও এখানে আরেকজনের কথা উল্লেখ করা দরকার। তিনি হলেন নগেন্দ্রনাথ গুপ্ত। মনে করা হয় যে তিনি হলেন প্রথম 'ভদ্রস্থ' লেখক যিনি রহস্য কাহিনি লিখেছেন। 'ভারতী ও বালক' পত্রিকায় প্রকাশিত তাঁর একটি লেখার নাম 'চুরি না বাহাদুরী?' অনেকেই লেখাটির প্রশংসা করেছেন। একটা সময়ে সামান্য একটা ব্যবহার্য জিনিসও বিলেত থেকে আমদানি হত। স্বদেশি দ্রব্য সবে তখন বাজারে আসতে শুরু হয়েছে। হেমেন্দ্রমোহন বসু, এইচ.বোস. নামেই যিনি সমধিক খ্যাত, এদেশে 'কুন্তলীন' মাথার তেল, 'দেলখোস' এসেন্স ও 'তাম্বুলীন' পানের মশলা আবিষ্কার করেন। ৬৩নং বহুবাজার স্ট্রিটে তার কুন্তলীনের দোকান ও প্রেস ছিল। তিনি 'কুন্তলীন' নামে একটি পত্রিকা প্রকাশ করতেন এবং তাতে গল্প লেখার প্রতিযোগিতা আহ্বান করে শ্রেষ্ঠ গল্প লেখককে পুরস্কৃত করতেন। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, জগদীশচন্দ্র বসু প্রমুখ এই 'কুন্তলীন পুরস্কার' পেয়েছিলেন। গল্প লেখকদের তাঁদের লেখার মধ্যে সুকৌশলে কুন্তলীন দেলখোস ইত্যাদি নাম ঢুকিয়ে দিতে হত। ব্যবসায়িক স্বার্থসিদ্ধি করা ছাড়াও এই উদ্যোগ কিছু তরুণ প্রতিশ্রুতিপূর্ণ লেখককে প্রেরণা জুগিয়ে তাঁদের সাহিত্যক্ষেত্রে প্রতিষ্ঠিত হতে সাহায্য করেছে। গোয়েন্দা গল্প লিখে ১৩০৬ বঙ্গাব্দে পুরস্কার পেয়েছিলেন রজনীচন্দ্র দত্ত (প্রথম পুরস্কার ত্রিশ টাকা), দীনেন্দ্রকুমার রায় (দ্বিতীয় পুরস্কার কুড়ি টাকা) এবং অন্যান্যরা। দীনেন্দ্রকুমার পরে ক্রাইম কাহিনি অনুবাদও করেছেন, তাঁর অন্যান্য লেখাও রয়েছে। রজনীচন্দ্র দত্ত রচিত 'অদ্ভুত হত্যা' নামক গল্পটি নগেন্দ্রনাথ গুপ্তর লেখার পর (তাঁর 'চুরি না বাহাদুরী?' নামক গল্প) একটি মৌলিক ডিটেকটিভ গল্প

বলে সুকুমার সেন মন্তব্য করেছেন। তিনি 'অদ্ভুত হত্যা' শীর্ষক গল্পটি তাঁর বইতে পুরোটাই উদ্ধৃত করেছেন।

এবার আসি পাঁচকড়ি দে ও দীনেন্দ্রকুমার রায়ের কথায়। গোয়েন্দা কাহিনি লিখে যিনি তুমুল জনপ্রিয়তা অর্জন করেন তিনি হলেন কেদারনাথ দের পুত্র পাঁচকড়ি দে (১৮৭৩-১৯৪৫)। 'যমুনা' পত্রিকার ফণীন্দ্রনাথ পাল, তাঁর দাদা যতীন্দ্রনাথ পাল এবং পাঁচকড়ি দে - এই তিনজন মিলে বিরামহীনভাবে লিখে গিয়েছেন। পাঁচকড়ির প্রথম রচনা 'সতী শোভনা'। মাত্র চল্লিশ পৃষ্ঠার বই, তবে মূল রচনাটা আকর্ষণীয়। তাঁর অন্যান্য বই – 'মায়াবী', 'মায়াবিনী', 'মনোরমা', 'হত্যাকারী কে?', 'নীল বসনা সুন্দরী' ('অবসরে' বেরিয়েছে), 'জীবন্মৃত রহস্য', 'হত্যা রহস্য', 'ভীষণ প্রতিশোধ', 'ভীষণ প্রতিহিংসা', 'গোবিন্দরাম', 'মৃত্যু বিভীষিকা', 'হরতনের নওলা' (কোনান ডয়েলের Sign of four-এর অনুবাদ), 'কালসর্পী', 'পরিমল', 'প্রতিজ্ঞাপালন', 'লক্ষ টাকা' প্রভৃতি। বাংলা গোয়েন্দা সাহিত্যে সম্ভবত তিনিই প্রথম ডিটেকটিভ চরিত্র সৃষ্টি করেছেন। তাঁর বিভিন্ন গোয়েন্দা কাহিনিতে তিনি গোয়েন্দার ভিন্ন ভিন্ন নাম দিয়েছেন। সবচেয়ে পরিচিত চরিত্র ডিটেকটিভ দেবেন্দ্রবিজয় ও তার গুরু অরিন্দমবাবু। কোনও কোনও রচনায় গোয়েন্দার নাম গোবিন্দরাম, কোথাও কীর্তিচন্দ্র আবার কোথাও রামপাল। সাড়া জাগানো 'হত্যাকারী কে?' উপন্যাসে গোয়েন্দা ছিলেন বৃদ্ধ অক্ষয়কুমার।অনেকে মনে করেন পাঁচকড়িবাবুর অনেক বইয়ের লেখক আসলে ধীরেন্দ্রনাথ পাল।

পাঁচকড়ি দের বই বিক্রি এক লক্ষ ছাড়িয়ে গিয়েছিল। তাঁর বই ইংরাজি, হিন্দি, উর্দু, তামিল, তেলেগু, মারাঠি প্রভৃতি বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে। বই বিক্রির টাকায় তিনি কলকাতায় তিনটি প্রাসাদোপম বাড়ি তৈরি করেছিলেন। ১৯০৪ সালে প্রকাশিত 'নীলবসনা সুন্দরী' পাঠকমহলে অত্যন্ত জনপ্রিয় হয়েছিল। লেখক হিসাবে দীনেন্দ্রকুমার রায় ছিলেন (১৮৬৯ - ১৯৪৩) একটি পরিচিত নাম। গোয়েন্দা ও রহস্যকাহিনি ছাড়া দীনেন্দ্রনাথ 'পল্লীচিত্র', 'পল্লীবৈচিত্র', 'পল্লীকথা', 'সেকালের স্মৃতি' প্রভৃতি বই লিখেও পাঠকসমাজের প্রশংসা কুড়িয়েছেন। দীনেন্দ্রকুমারের প্রথম ডিটেকটিভ গল্পটি প্রথম প্রকাশিত হয়েছিল 'কুন্তলীন পুরস্কার' পুস্তিকায় ১৩০৬ বঙ্গাব্দে। এই

সময়েই লিখেছেন ‘হামিদা’, ‘পট’, ‘অজয়সিংহের কুঠী’, ‘আমিনা বাঈ’ প্রভৃতি গোয়েন্দা কাহিনি। পরে প্রকাশিত হয়েছে – ‘রূপসী মরুবাসিনী’, ‘ভূতের জাহাজ’, ‘পিশাচ পুরোহিত’, ‘জাল মোহান্ত’, ‘চীনের ড্রাগন’ ইত্যাদি।এর মধ্যে কিছু রয়েছে ইংরাজি রহস্যকাহিনির অনুবাদ। উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় ফাল্গুন ১৩০৭ বঙ্গাব্দে ‘নন্দন কানন’নামে একটি ক্রাইম ও রহস্যকাহিনি সিরিজ প্রকাশ করেন। দীনেন্দ্রকুমার ছিলেন এর সম্পাদক। দ্বিতীয় বছরে ‘নন্দন কানন’ পত্রিকার নাম বদলে মাসিক ক্রাইম সিরিজ রাখা হয়। এই সিরিজে লেখা প্রকাশ করে দীনেন্দ্রকুমার যথেষ্ট খ্যাতি অর্জন করেন। এতে প্রকাশিত বহু গল্প বিলাতি Monthly magazine of fiction বই থেকে আহরিত। উপেন্দ্রনাথের সঙ্গে দীনেন্দ্রনাথের সম্পর্ক ছিন্ন হবার পর দীনেন্দ্রকুমার নিজেই ‘রহস্য লহরী সিরিজ’ নামে ডিটেকটিভ কাহিনি বের করা শুরু করেন। সব বইতেই গোয়েন্দার নাম ছিল মিস্টার ব্লেক ও তার সহকারী স্মিথ। দু’শ সতেরোটি বই প্রকাশিত হয়েছিল এই সিরিজে। এর সঙ্গে ‘নন্দন কানন’ সিরিজের বই যোগ করলে বইয়ের সংখ্যা হয় প্রায় পাঁচশো। সাহিত্যিক হিসাবে দীনেন্দ্রনাথের বৈশিষ্ট্য ছিল তার বিষয় বৈচিত্র্য। ‘বসুমতী’ পত্রিকার দৈনিক, সাপ্তাহিক ও মাসিক সব সংস্করণের সঙ্গেই তিনি যুক্ত ছিলেন। তাঁর কৃত শেষ অনুবাদ ‘কথাশিল্পীর হত্যারহস্য’ (উপন্যাস) নামে ‘মাসিক বসুমতী’র ১৩৫০-এর বৈশাখ সংখ্যা থেকে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়ে মৃত্যুর পরেও চলতে থাকে। হরিসাধন মুখোপাধ্যায়(‘কলিকাতার সেকাল ও একাল’ নামক বিখ্যাত গ্রন্থের রচয়িতা) ও সুরেন্দ্রমোহন ভট্টাচার্যও হাত লাগিয়েছিলেন গোয়েন্দা কাহিনি লেখায়।

তবে একজনের কথা উল্লেখ করতেই হয়। তিনি হলেন মনোরঞ্জন ভট্টাচার্য্য (১৯০৩ - ১৯৩৯)। মনোরঞ্জনের জন্ম ফরিদপুরে (এখন বাংলাদেশে)। তার পিতা ছিলেন ছোটোদের প্রিয় ‘রামধনু’ মাসিক পত্রিকার প্রতিষ্ঠাতা। পত্রিকার তৃতীয় বছরে সম্পাদকের পদ গ্রহণ করেন মনোরঞ্জন। এই পত্রিকাতেই বেশ কয়েকটি রহস্য ও ডিটেকটিভ কাহিনি লিখেছিলেন তিনি। তাঁর গল্পে ডিটেকটিভ একজন জাপানী, নাম হুকাকাশি। কলকাতার স্কটিশ চার্চ কলেজের পেছনে ডাফ স্ট্রিটে ছিল এই বিখ্যাত অপরাধতত্ত্ববিদ ও গোয়েন্দার বাস। ছদ্মবেশ ধারণে সুনিপুণ হুকাকাশি মারামারি ও আগ্নেয়াস্ত্র ব্যবহারের চেয়ে মগজ খাটিয়ে রহস্যভেদেই ছিলেন অধিক অভ্যস্ত। তবে জাপানি যুযুৎসুর প্যাঁচও

বেশ ভালোই জানা ছিল। তার সাকরেদ ছিল রণজিৎ বা কখনও অভিজিৎ। জটিল সমস্যা সমাধানে হেমেন্দ্রকুমারের জয়ন্তর মতো ঘন ঘন নস্যি নিতে দেখা যেত তাকে। হুকাকাশি নিঃসন্দেহে বাঙালি পাঠকদের বিশেষ করে ছোটোদের মনে স্থান করে নিয়েছিল। মাত্র ৩৬ বছর বয়সে পরলোক গমন না করলে মনোরঞ্জন আরও রচনার মাধ্যমে নিশ্চিতভাবে গোয়েন্দা সাহিত্যকে সমৃদ্ধ করে যেতে পারতেন। প্রসঙ্গত, মনোরঞ্জনের গোয়েন্দা কাহিনি ও ডিটেকটিভ হুকাকাশির রেশ ধরেই শিবরাম চক্রবর্তী তার স্বভাবসিদ্ধ সরস ভঙ্গিতে গল্প লিখেছিলেন, তার গোয়েন্দার নাম ছিল কল্কেকাশি। 'রামধনু'তে প্রকাশিত মনোরঞ্জনের গোয়েন্দা কাহিনিগুলি হল – 'পদ্মরাগ' (উপন্যাস, শ্রাবণ ১৩৩৫ থেকে ১৭ কিস্তিতে), 'ঘোষ চৌধুরীর ঘড়ি' (উপন্যাস, আশ্বিন ১৩৩৭ থেকে ১১ কিস্তিতে), 'সোনার হরিণ' (উপন্যাস, মাঘ ১৩৪১ থেকে ২৬ কিস্তিতে), 'শান্তিধামের অশান্তি' (ছোটোগল্প, অগ্রহায়ণ, ১৩৪৩), 'তের নং বাড়ীর রহস্য' (ছোটোগল্প, শ্রাবণ, ১৩৪৪), 'হীরক-রহস্য' (ছোটোগল্প, কার্ত্তিক, ১৩৪৪), 'চণ্ডেশ্বরপুরের রহস্য' (ছোটোগল্প, মাঘ, ১৩৪৪)। 'সংসক্তপুরের রহস্য' নামে একটি ছোটোগল্প প্রকাশিত হয়েছিল সুনির্মল বসু সম্পাদিত 'আরতি' বার্ষিকীতে (১৯৩৮)। মনোরঞ্জনের লেখার ভক্ত ছিলেন হেমেন্দ্রকুমার, শরদিন্দু বন্দ্যোপাধ্যায় এবং সত্যজিৎ রায়ও। হেমেন্দ্রকুমার রায় তার 'ড্রাগনের দুঃস্বপ্ন' বইটি মনোরঞ্জনকে উৎসর্গ করেন। তবে গোয়েন্দা কাহিনির বাইরেও মনোরঞ্জনের অনেক লেখা রয়েছে।

সম্ভবত চল্লিশের দশকের শেষে 'দেব সাহিত্য কুটির'-এর জন্ম। এখান থেকে ছোটোদের অজস্র বই বেরিয়েছে।এই প্রকাশনা সংস্থাটি বহু বছর ধরে পূজার সময় একটি বার্ষিকী বের করত। একেক বছর নাম হত একেকরকম যেমন, 'দেবালয়', 'আগমনী', 'পরশমণি', 'অরুণাচল', 'উত্তরায়ণ' ইত্যাদি। রঙিন ছবিতে ভরা এই বইগুলি ছিল ছোটোদের খুবই প্রিয়।হেমেন্দ্রকুমার রায়ের (১৮৮৮-১৯৬৩) রহস্য, রোমাঞ্চ ও গোয়েন্দা কাহিনি নিয়ে দেব সাহিত্য কুটির প্রধানত দুটি সিরিজ বের করেছিল – 'কাঞ্চনজঙ্ঘা' সিরিজ ও 'প্রহেলিকা' সিরিজ। বহু লব্ধপ্রতিষ্ঠ লেখকেরা এই বইগুলি লিখেছেন।এদের মধ্যে রয়েছেন হেমেন্দ্র কুমার রায়, নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়, প্রভাবতী দেবী সরস্বতী, বুদ্ধদেব বসু, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, অচিন্ত্যকুমার সেনগুপ্ত, শৈলবালা ঘোষজায়া, দীনেশচন্দ্র মুখোপাধ্যায়, নরেশচন্দ্র সেনগুপ্ত প্রভৃতি।কাঞ্চনজঙ্ঘা সিরিজের কয়েকটি বই –

‘অন্ধকারের বন্ধু’, ‘রাত্রির যাত্রী’, ‘কেউটের ছোবল’, ‘উদাসী বাবার আখরা’, ‘গুপ্ত ঘাতক’, ‘মিসমিদের কবচ’, ‘মুখ আর মুখোস’, ‘নিঝুম রাতের কান্না’ আর প্রহেলিকা সিরিজের – ‘ডাকাত কালীর জঙ্গলে’, ‘রাত যখন সাতটা’, ‘দেশের ডাক’, ‘ঝড়ের প্রদীপ’, ‘অপরাধের কারখানা’, ‘মৃত্যুদূত’, ‘নৈশ অভিযান’ প্রভৃতি।‘সব্যসাচী’ ছদ্মনামে সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় বেশ কিছু বই লিখেছেন।

এক সময়ে হেমেন্দ্রকুমার ছিলেন ছোটোদের (এবং সেই সঙ্গে বড়োদেরও) অত্যন্ত প্রিয় লেখক। বিদেশি গল্পের ছায়া অবলম্বনে হেমেন্দ্রকুমারের রচনা – ‘অদৃশ্য মানুষ’, ‘আজব দেশে অমলা’, ‘মানুষের গড়া দৈত্য’, ‘কিং কং’ ইত্যাদি ছিল ছোটোদের স্বর্ণযুগ। কাঞ্চনজঙ্ঘা সিরিজের মোট চব্বিশটি বইয়ের মধ্যে গোয়েন্দা কাহিনি ছিল এগারোটিতে।ছোটোদের জন্য তিনি লিখলেও বড়োরাও এগুলি উপভোগ করেছেন। খুব সহজ ভাষায় তিনি যেভাবে রহস্য ঘনীভূত করে তুলে সেটা উন্মোচন করতেন, পাঠককে সেটা আকর্ষণ করে শেষপর্যন্ত টেনে নিয়ে যেত। তাঁর অ্যাডভেঞ্চার কাহিনি বা গোয়েন্দা গল্পে তিনি তিনজোড়া গোয়েন্দা (বা রহস্যভেদী) ও সহকারী সৃষ্টি করেছেন। এরা হলেন – জয়ন্ত ও মানিক, বিমল ও কুমার এবং হেমন্ত ও রবীন। জয়ন্ত-মানিক এবং বিমল-কুমারের সাহায্যকারী পুলিশ অফিসার হলেন ইনস্পেক্টর সুন্দরবাবু এবং হেমন্ত-রবীনের ভূপতিবাবু ও সতীশবাবু। কোনও কোনও কাহিনিতে পুরাতন ভৃত্য রামহরি ও প্রভুভক্ত সারমেয় ‘বাঘা’কেও ভুলবার নয়। পাঁচকড়ি দের ডিটেকটিভ দেবেন্দ্রবিজয় বা অরিন্দমবাবুর মতো হেমেন্দ্রকুমার রায়ের গোয়েন্দা জয়ন্ত কিন্তু বয়স্ক নয়। ছোটোদের কাছে আকর্ষণীয় হবে না ভেবে হেমেন্দ্রকুমার তাঁর ডিটেকটিভের বয়স অনেক কম করেছেন। জয়ন্তর বীরত্বব্যঞ্জক ও আকর্ষণীয় চেহারার বর্ণনা করা হয়েছে ‘জয়ন্তের কীর্তি’ বইটিতে।১৯০৩ সালে পনেরো বছর বয়সে ‘বসুধা’ পত্রিকায় হেমেন্দ্রকুমারের প্রথম লেখা প্রকাশিত হয়। ১৯২০ সালে ‘মৌচাক’পত্রিকায় ‘যকের ধন’ প্রকাশিত হলে রীতিমতো সাড়া পড়ে যায়। এরপর ছোটোদের জন্য বিরামহীনভাবে লিখে গিয়েছেন হেমেন্দ্রকুমার।

তবে আধুনিক বাংলা গোয়েন্দা কাহিনির জনক ধরা হয় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়কে। তাঁর গোয়েন্দা ব্যোমকেশ ও সহকারী অজিত বাংলার

পাঠকমহলে গভীর ছাপ ফেলেছিল। ব্যোমকেশ গোয়েন্দা কাহিনি চলচ্চিত্রায়িতও হয়েছে একাধিকবার। এছাড়া বাংলা সাহিত্যের প্রথিতযশা সাহিত্যিক দীনেন্দ্রকুমার রায়, নীহাররঞ্জন গুপ্ত, প্রেমেন্দ্র মিত্র, সৈয়দ মুস্তাফা সিরাজ, নারায়ণ সান্যাল, সত্যজিৎ রায়, কৃশানু বন্দ্যোপাধ্যায়, অদ্রীশ বর্ধন, প্রভাবতী দেবী সরস্বতী, লীলা মজুমদার, সমরেশ বসু, সুনীল গঙ্গোপাধ্যায়, সমরেশ মজুমদার, সুচিত্রা ভট্টাচার্য গোয়েন্দাকাহিনি লিখেছেন। এদের মধ্যে সত্যজিৎ রায়ের ফেলুদা কিশোরদের কাছে সবচাইতে জনপ্রিয়। যার প্রধান চরিত্র প্রদোষচন্দ্র মিত্র। ডাকনাম ফেলু।এছাড়া আছে ফেলুদা খুড়তুতো ভাই তপেস রঞ্জন মিত্র। ডাকনাম তপসে। গল্পের অন্য চরিত্র লালমোহন গাঙ্গুলি। যিনি জটায়ু ছদ্মনামে রহস্য উপন্যাস লেখেন।

# বেঙ্গালুরুতে বাংলা নাটক – কয়েক দশক আগে

~ **ডক্টর জয় মুখোপাধ্যায়**

১৯75 সালে আমি যখন প্রথম বেঙ্গালুরু এসেছিলাম, তখন আমি বাংলা নাটকের সন্ধান করছিলাম। আমি ছোট বেলা থেকেই নাটকমঞ্চে সর্বদা সক্রিয় ছিলাম। আমার ছাত্রাবস্থায় আমি অনেক নাটকে অভিনয় করেছি। সুতরাং, আমি বেঙ্গালুরুতে এই সুযোগটি খুঁজছিলাম। আমি আই. আই. টি খড়গপুর থেকে এসেছিলাম যেখানে আমাদের খুব সক্রিয় বাংলা নাটকের ক্লাব ছিল। আই. আই. এসসি-তে কোনও নাটকের ক্লাব ছিল না। আমরা কয়েকজন যারা খড়গপুর থেকে এসেছিলাম খুব অস্থির বোধ করছিলাম এবং আমরাই একটি নাটকের ক্লাব শুরু করলাম। আমরা বাংলা নাটক করার জন্য কোনও সুযোগ পেলাম না তাই আমরা ইংরেজিতে শুরু করেছিলাম। তার পরে আমি অনেক ইংরেজি নাটকে করেছি, সে গল্প আরেকদিন হবে।

খুব শীঘ্রই আমরা আবিষ্কার করলাম যে বেঙ্গালুরুতে বেশ কয়েকটি দুর্গাপূজো হয়। আমি খুব ভাগ্যবান যে আমার প্রথম বছরেই বেঙ্গালুরুতে একটি বাংলা নাটকে অভিনয়ের সুযোগ পেয়ে গেলাম। এটি ছিল জয়মহলের দুর্গাপূজো। নাটকটি ছিল বাদল সরকারের হাসির নাটক বড়পিশিমা, আমি মিঃ সেন চরিত্রে অভিনয় করেছিলাম, কমিক চরিত্র। দুর্গা পূজোর মধ্যে সবচেয়ে বড় ছিল দ্য বেঙ্গালি অ্যাসোসিয়েশন। জয়নগরের একটি ভাড়া হলে পূজো হত।প্রতিটি পূজোয় সন্ধ্যার সময় নানা অনুষ্ঠান হতো এবং বাংলা নাটক নিয়মিত মঞ্চস্থ হত। এরকম পূজো মণ্ডপে অনেক নাটক দেখেছিলাম। কয়েকটি নাম মনে আছে, যেমন – বিয়ে মাইনাস বউ, গরুর গাড়ীর হেডলাইট, হারানের নাতজামাই, কবিকাহিনি ইত্যাদি। এই নাটকগুলি ছিল মানুষের মনোরঞ্জনের জন্য হালকা নাটক। বাংলা নাটকের প্রথম গম্ভীর প্রচেষ্টা হয়েছিল ঐতিহাসিক নাটক শাজাহান। এটি লালবাগের গ্লাস হাউসে যাত্রা স্টাইলে মঞ্চস্থ হয়েছিল। চারিদিকে দর্শক বসে ছিল। প্রধান ভূমিকাটি নিয়েছিলেন আইআইএমের প্রফেসর এস কে রায়। এটি একটি ঐতিহাসিক ঘটনা এবং এর পরে আর পুনরায় কোন ভাষাতেই বোধ হয়

নি। ইন্দিরানগরের বাঙ্গালীরা খুব উৎসাহী  ছিলেন এবং কোরাস নামে একটি নাটকের দল গঠন করেছিলেন। এই দলটি কলকাতা থেকে নাটকের দলকে আমন্ত্রণ জানাতেন। একবার বাদল সরকারকে আমন্ত্রিত করা হয়েছিল এবং তার দলটি তার রীতিতে তিনটি নাটক পরিবেশন করেছিল – ভোমা, মিছিল এবং হট্টমালার দেশে। নাটকগুলিতে ছিল না কোন নাটকীয় পোশাক, মঞ্চবিন্যাস, আলো বা আবহসঙ্গীত। মঞ্চবিন্যাস হিসেবে অভিনেতারা তাদের দেহ ব্যবহার করছিলেন এবং মুখে শব্দ  করে আবহসঙ্গীত সৃষ্টি করছিলেন।

বেশিরভাগ নাটকগুলি মঞ্চস্থ হত বালভবনে, আর কখন বা রবীন্দ্র কলাক্ষেত্রের মতো অন্যান্য জায়গায়। বাংলা নাটক হত আইআইএসসি জিমখানা এবং আইআইএসসি ক্যাম্পাসের অভ্যন্তরে অন্যান্য জায়গায়।

সবচেয়ে উল্লেখযোগ্য নাটক হয়েছিল রঞ্জন ঘোষালের নির্দেশনায়, মনোজ মিত্রর সাজানো বাগান। আমি একাই যমজ ভাইয়ের অভিনয় ক্রেছহিলাম, আর সে গল্প সারা জীবন মনে থাকবে।

আমি ১৯৮০ সালে মুম্বাইয়ের উদ্দেশ্যে বেঙ্গালুরু ছেড়ে, ১৯৮৮ সালে ফিরে এসেছি। সুতরাং আমি সেই বছরগুলির কথা লিখতে পারি না।

# ওগো বধূ সুন্দরী

~ সুদীপ দাস

আপনার এই নিবন্ধ পড়ার মানেই হলো আপনি সফল ভাবেই ২০২০ পার করেছেন, টেঁসে যাননি। কাজেই, ২০২১ এ আপনাকে সুস্বাগতম।

জীবন যে রকমই কাটুক, এটা অস্বীকার করা যায়না যে জ্ঞানের বৃত্তিরেখা পুঁথিগত শিক্ষার অনুবৃত্তিতে সীমিত রাখা অসম্ভব। এটা সত্যি যে বর্তমান শিক্ষাব্যবস্থা এবং জীবনের ব্যবহারিক বাস্তবতার মধ্যে একটি অনুভূত ব্যবধান রয়েছে। মধ্যজীবন সঙ্কট এবং অস্তিত্বের দুর্বলতার ঠিক মাঝামাঝি বয়সের দোরগোড়ায় পৌঁছে এ বিষয়ে আমি পুরোপুরি একমত। আমাদের সময়ে সেই অনুভূত ব্যবধানটি বোধহয় আরও গভীর ছিল।

এই ত্রুটিগুলি কাটিয়ে উঠতে, চাকরি জীবনে আমরা প্রযুক্তিগত দক্ষতা অর্জন করি যাতে আমরা একজন উৎপাদনশীল ব্যক্তি হয়ে উঠতে পারি। কিন্তু জীবনের অভিজ্ঞতা তাতে মেলে না। জীবন যাপনের বিভিন্ন সময়ে এই দক্ষতা প্রাপ্তি হয়, এর মধ্যে গৃহস্থ জীবন বিশেষ গুরুত্বপূর্ণ। বাঙালি মাতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থায় এক পুরুষ মানুষ হিসাবে, আমি কখনই সেটা উপেক্ষা করতে পারি না।

দাম্পত্য জীবনের অধিক এবং অমূল্য তথ্য যে কতটা গভীর তা একজন অবিবাহিত পুরুষ মানুষের পক্ষে অনুধাবন করা সম্ভব নয়। বিবাহের মূল ভিত্তি হল ক্রমাগত শিক্ষা। ভূমিকাগুলিও পরিষ্কার, গৃহিনী শিক্ষিকা আর স্বামী অনুগত ছাত্র।

বিবাহিত জীবনে সেই শিক্ষা প্রদান প্রথম দিনে থেকেই শুরু এবং তা নিয়মিত ও ক্রমাগত। আলোকিত করা প্রতিটি পাঠ এটাই প্রমাণ করে যে পুরুষ মানুষ ভীষণভাবে জ্ঞান বঞ্চিত। যেমন ধরুন, আপনি কি জানতেন যে প্রাতঃকালে বিছানা থেকে কখনো বাম পাশে ঘুরে উঠা উচিত নয় ? শুধু তাই নয়, শয্যা এমন ভাবে সাজানো দরকার যাতে মস্তিষ্ক চিরকাল পূর্বমুখী হয়। কি সাংঘাতিক দিকবিদিক জ্ঞানশূন্যই না ছিলাম বিয়ের আগে।

বিয়ের কিছুদিনের মধ্যেই টের পেলাম যে নির্দিষ্ট কিছু খাবারের মিশ্রণ করা বর্জনীয়, যেমন দুধ আর ফল। আমার একদা প্রিয় কলা, আপেল, সবেদা, স্ট্রবেরি মিল্কশেক জাতিধর্ম নির্বিশেষে ত্যাগ করলাম। ত্যাগ করলাম কাবাব এবং তন্দুর রুটি; কারণ গায়ে লাগা কালো দাগগুলো নাকি কার্সিনোজেনিক। আমি হতবাক যে তন্দুরের এই তথ্য পুরোপুরি উপেক্ষা করে শুধুমাত্র উত্তম এবং তৃপ্তিময় ভুরিভোজনের প্রতি মনোনিবেশ করে চলেছে আরসালান, আমিনিয়া এবং করিম জাতীয় রেঁস্তোরাগুলি। বিগত ২৫ বছর ধরে ঐ রেঁস্তোরাগুলিতে খাবার পর আর একটু হলেই রোগগ্রস্ত হয়ে পরতাম।

স্বাস্থ্যবিধি এবং গণিতের মধ্যে যে একটা পারস্পরিক সম্পর্ক আছে সেটা আমার স্ত্রীর মাধ্যমেই জানতে পারি | যেমন ধরুন আমার ঘর্মাক্ত শরীরের ঘ্রাণ প্রাই দেড় মাইল দূর থেকে টের পাওয়া যায় | এক মাইল বা দুই মাইল নয়, ঠিক দেড় মাইল | তারপর ধরুন, প্রতিদিন দুই বার ব্রাশ করলেই একমাত্র ওড়াল হাইজিন বা মৌখিক স্বাস্থ্যবিধি বজায় রাখা সম্ভব | ঠিক দুই বার | এছাড়া জলের দূষণ নিবারণে প্রত্যেক ৬ মাস অন্তর বাড়িতে উপস্থিত সব প্লাস্টিক বোতল বদলানো অনিবার্য | মনে রাখবেন প্লাস্টিক বোতলের বদলে কাঁচের বোতলের ব্যবহারের থেকেও জরুরি ঠিক ৬ মাসের মাথায় বোতল পরিবর্তন| রুবি কিংবা ছায়া প্রকাশনীর বই পড়ে জীববিজ্ঞান আর গণিতের এই আন্তঃসম্পর্ক স্থাপন করা কি সম্ভব ?

সাধারণ মানুষের পক্ষে স্থান এবং সময় (স্পেস এন্ড টাইম) সম্পর্কিত ধারণা বুঝে উঠতে পারা বেশ কঠিন | কিন্তু আমার স্ত্রীর এই বিষয়টিকে খুব সরল ভাবে বোঝাতে সক্ষম | বন্ধুদের সঙ্গে কোন স্থানে ঠিক কতটা সময় আমার বরাদ্দ এটা ঠিক করার পরিপূর্ণ দায়িত্ব তাঁর | বিয়ের আগে ভাবতাম খুশি আর আনন্দই মূলত সময় নির্ধারণ করে অর্থাৎ যে স্থানে যত সুখ সেখানে ততটাই সময় বরাদ্দ, কিন্তু সে ধারণা যে কতটা ভুল, তা বিয়ে না করলে জানতে পারতাম না |

শৈশব কাল থেকে পেইন্টিং বাক্সের ভিতরে যে রঙ পাওয়া যেতো সেটাই আমরা রঙের তালিকায় নথিবদ্ধ করতাম | লেবুর সবুজ রঙ আর কচি কলাপাতার সবুজের সূক্ষ্ম পার্থক্য বোঝা চিরকাল আমার অনুভূতির বাইরে | বিয়ের আগে চোখের যে ফটো রিসেপ্টর কোষগুলি আলোক রশ্মির ওয়েভলেংথগুলো নিয়ে গণ্ডগোল করতো, আজ সেই কোষগুলি জ্ঞানদীপ্ত এবং আলোকিত |

আমার স্ত্রীর জ্ঞান এবং অভিজ্ঞতা সীমাহীন ও অনন্ত তাই আজকাল আর গুগলের প্রয়োজন বোধ করি না | শুধু তাই নয়, আমার স্ত্রী জানেন আমার কখন খিদে পাওয়া উচিত বা অনুচিত, কটা কাপ চা আমার শরীর সহ্য করতে পারে, ইত্যাদি | আমার পঞ্চভূত আর ত্রিদোষের নিয়ন্ত্রণের চাবিকাঠি এখন তাঁর হাতে |

বিয়ের আগে এই গূঢ় জ্ঞান বর্জিত হওয়া সত্ত্বেও আমি কি করে এতোগুলো বসন্ত পার করেছি সেটাই আশ্চর্যজনক | আমার স্ত্রীর মন্তব্য অনুযায়ী আমি নিঃসন্দেহে খুবই ভাগ্যবান স্বামী এবং তাঁর দৃঢ় বিশ্বাস যে আমি বিয়ে যাবত খুব সুখী মানুষ।

প্রশ্ন একটাই | একই শিক্ষা ব্যবস্থা থেকে উত্তীর্ণ হওয়া সত্ত্বেও এই অসাম্যতার কারণ কি ?

## Lockdown Diaries – Travelling down the memory lane

# A Personal Travelogue

~ **Subham Sarkar**

With the recent COVID-19 induced lockdowns and Work from Home (WFH) life, many including me have found invaluable slices of time that would have otherwise got generally wasted in the office commutes. And in the busy metro cities, the commute times can add up to 2-3 hours every day!

This time saved can be used more productively with more time with family and one can rediscover their subdued passions e.g., music, poetry, writing, etc. - all leading to a better work-life balance. With travel and tourism thrown out of the window due to COVID-19, I ventured to “travel” down my memory lanes and go back to my school days.

I was born in Agartala (capital of Tripura, one of the seven North East sister states of India) and my formative years was in Holy Cross School, the top ICSE-affiliated school there. We subsequently shifted to Calcutta post my parents’ work life retirements. Post schooling, life took me out to other places for college studies (Engineering, MBA) and two and half decades of work life. However, memories of one’s formative years do have a curious way of circling back!

I made incredible friendships during my school days, many of whom though spread all over the world now, are still in my close circle. A few anecdotes and memories from those days in Agartala:

- War - We were toddlers during the 1971, India – Pakistan war. India liberated Bangladesh (then East Pakistan) as an outcome of that war. During the war, whenever there was an air raid on Agartala by Pakistani planes, sirens used to go off and if raids were during night, all city lights used to be shut down. In our home there was a make-shift underground bunker dug up, where my sister and I used to run hearing those eerie siren sounds. It sounded fun for me then, as being just a toddler I had no clue about what this was all about, I was simply told

that you must run to the bunker when you hear the sound of a siren!

- Personalities - Mother Teresa had visited our school once. That was a once in a lifetime event for us, she was such a loved, world-famous personality and all we students meeting and hearing her from such close quarters was indeed an overwhelming experience. We also had the privilege of singing our National Anthem during a visit to our school by the then PM of India (Late Mrs. Indira Gandhi). She was indeed a striking persona from close quarters and some of us found her sharp-shaped nose pretty much intriguing! No wonder, this facial feature defined her caricatures by cartoonists.

- Computers - Saw a computer for the first time in the late 1970s! This was as part of the CLASS (Computer Literacy and Studies in Schools) project, wherein our school was given one computer. We were thrilled, curious and overawed seeing that machine then. Who knew then that computers would become so intertwined in our daily personal and professional lives now!

- Television – It was early days of television those days. The only Indian telecaster then was the state-owned Doordarshan. It was the standard mixed fare of Hindi news, movies and song programs, and then there was the Krishi Darshan program! I am sure all Indians of that era will remember this program with a queer feeling of nostalgia and a sense of absolute ennui! But we were luckier than the rest of our countrymen elsewhere. Owing to the geo proximity, we also used to get signal feeds in our TV antenna from Bangladesh! And thanks to that we were privileged in our childhood to have watched telecasts of cult TV program series like *Spiderman, The Incredible Hulk, Wonder Woman, Gilligan's Island, He Man, Charlie's Angels,* et al

- Reading – Grew up feasting on TinTin and Asterix comics, Hardy Boys & also Nancy Drew (borrowed from my sister, those were not mine!), novels of Alistair Maclean (*Guns of Navarone, Where Eagles Dare, Ice Station Zebra,* memories

come rushing back), Ian Fleming (almost finished the entire James Bond 007 books), amongst many others.

- Music – The ubiquitous audio cassettes were another rage then and I had built a huge collection of Kishore Kumar, Asha Bhosle songs. They were and still remain my favs. In "gloomy" days, even Mukesh songs used to sound very deep! At home, I listened to a 2-in-1 (radio-cum-tape recorder) and when going out used to strap my Sony Walkman in the belt, felt very cool back then! Now feels nostalgic, all these techs are obsolete.
- Movies – Hindi blockbusters of Amitabh Bachchan, Dharmendra, Sridevi we used to watch in the halls. But for genre-specific English movies, a close group of us friends used to pool in money and rent a VCR and movie cassettes (again obsolete tech now) to watch unforgettable movies of our gurus - Gregory Peck, Clint Eastwood, Steve McQueen; superhits like *Mckenna's Gold, Fistful of Dollars, For a Few Dollars More, Roman Holiday, The Great Escape, Papillon, The Magnificent Seven and so many more.*
- Sports – after India won the World Cup in 1983, cricket had become a religion. With a few friends we formed a club called Young Blood Club (YBC) – won a few local tennis-ball tournaments and we also had our own library of books & comics based on voluntary contributions of club members, etc. Carrom was another hot pastime those days.

Nostalgic memories, and all of us will have our own stories and anecdotes. COVID-19 and WFH have given us this unique opportunity of finding time from our otherwise super busy schedules, and thanks to Aikatan Souvenir for giving us a platform to express and share.

Thanks for the readers' patience too!

# The FAT of the matter

*~Sudip Das*

WHO recognizes overweight and obesity as two separate metrics? For the uninitiated, overweight is a BMI greater than equal to 25 and obesity is a BMI greater than equal to 30.

Based on the corollarial deduction from the above usage of the terms overweight and obesity interchangeably demands a Public Interest Litigation in the highest courts of this country. Moreover, in National Interest, the lawyers arguing the case should neither be obese nor overweight. Readers be aware, I have got nothing against the likes of Kapil Sibal and Harish Salve or their political affiliations.

Overweight has been associated with risks whereas obesity is a disorder involving excessive body fat. The associated outcomes namely, Risks and Disorder are not even lexicologically related, then why should we confuse their sources as synonyms?

Again, risk is a liability whereas disorder is a diagnosable outcome. Liability brings prosperity to insurance companies whereas diagnosis results in prosperity of medical institutions and pharmaceutical companies. Even economically, they are not related. So, what if both businesses contribute to the national GDP, their GST rates are not the same.

A study from Harvard shows that BMI alone cannot define metabolic health or physiological state. “Study from Harvard” is a term generally used to score brownie points against a non-conforming society driven by WhatsApp forwards at large. The Western hegemony effectively decimates all logical reasoning and wisdom that our ancient civilization has bestowed.

Coming back to BMI, these indices are driven from actuarial statistics based on “frame size” derived from height vs weight data covering a large assortment of people. It does not care about demographics, local produce, global influence, festival cuisines, pandemic lockdowns, work-from-home, master chef programs or Government bans. Gross ignorance of such vital parameters has

resulted in what we understand as "Obesity Paradox". Obesity Paradox is a medical hypothesis that professes that obesity can counterintuitively increase your survival chances.

More importantly, this makes BMI charts a little more racist. Western population with larger builds is given undue advantages compared to their Eastern counterparts. This invariably leads to a disproportionate claim of the global food chain. Of course, Africans are neither Western nor Eastern unless they really understand the definition of food and water and hence are statistically ignored.

Build of mankind is DNA driven, in contrast to pseudo liberal thinking, and is influenced by the geographical conditions and the availability of Organic A2 milk from happy cows. This makes Vegans a deprived lot and I can empathize with their concern of unhappy cows resulting from Global warming. Hence, given these constraints of DNA metamorphism, we should conclude that frame size is not a proper measure and hence BMI.

The sports fraternity seems to be quite pragmatic about these discrepancies. Overweight results in inclusion in higher categories in weightlifting whereas obesity is celebrated in Sumo wrestling. The focus, as you can see, has always been on your strengths and not on your frame size.

Happy minds reside in happy bodies and nothing can be more comforting to the body than food. Intermittent fasting should be redefined as the time taken between preparing food and consumption. I metabolize, therefore I am. We need to claim our rightful share of the global food chain.

With these facts we should counter our nutritionists of the perils of changes in lifestyle. We cannot allow taking away the style out of our lives. Overweight and obesity can never be the two sides of the same coin and any such thoughts should be abrogated from medical hypotheses.

The only word of caution is “Don’t try this at home”. This confrontation is better with medical practitioners. Confucius says certain bastions like wife and home are best left unconfronted and unconquered. But then in the national interest, I need to revisit and ban anything Chinese.